

শ্রীমতী মিস্ট্রী
মিস্ট্রী
মিস্ট্রী Pahlawan



নং ৪৩.২৬.৯১০০.০০০.২৩.০০১.১৮. ৩৪৭(১৫০)

০৮.০৮.১৪২৭

তারিখ:-----

২৩.১১.২০২০

বিষয়: মহান বিজয় দিবস ২০২০ উপলক্ষে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা।

সূত্র : ৪৩.২৬.০০০০.০০২.২৩.১৪৯.০৯.(অংশ-১).১৯৬৫ তারিখ: ১৬.১১.২০২০

মহান বিজয় দিবস ২০২০ উদযাপন উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, সিলেট এ নিম্নোক্ত বিষয়ে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে আগ্রহী সকলকে যোগ্যতা অনুযায়ী প্রতিযোগিতায় অংশ গ্রহণের জন্য আহ্বান জানানো যাচ্ছে।

ক) রচনা প্রতিযোগিতা:

ক্র. নং	গুপ	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা
১.	ক	পঞ্চম-অষ্টম	আমাদের বিজয় আমাদের আনন্দ	১০০০
২.	খ	নবম-দ্বাদশ	বঙ্গবন্ধু ও বাংলাদেশ	১২০০
৩.	গ	মাতক-মাতাকোত্তর	মুজিব শতবর্ষের বিজয় দিবস	১৫০০
৪.	ঘ	সর্বসাধারণ	বিজয় দিবসের প্রেক্ষাপট ও তাৎপর্য	১৮০০

খ) চিত্রাংকন প্রতিযোগিতা:

ক্র. নং	গুপ	বয়স সীমা	চিত্রাংকন প্রতিযোগিতার বিষয়
১.	ক	অনূর্ধ্ব- ৭ বছর	উন্মুক্ত
২.	খ	অনূর্ধ্ব- ১২ বছর	আমাদের বিজয় দিবস
৩.	গ	প্রতিবন্ধী	উন্মুক্ত

রচনা প্রতিযোগিতা বিষয়ে জ্ঞাতব্য: রচনা প্রতিযোগিতায় সিলেট মহানগর ও সিলেট জেলার প্রতিযোগীকে স্বহস্তে লিখিত রচনা বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, জেলা স্টেডিয়াম পূর্ব গেইট, সিলেট এ জমা দিতে হবে। রচনা জমা দেয়ার শেষ তারিখ ১৪.১২.২০২০।

চিত্রাংকন প্রতিযোগিতা বিষয়ে জ্ঞাতব্য: চিত্রাংকন প্রতিযোগিতায় আর্ট পেপারে স্বহস্তে অংকিত চিত্র বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, জেলা স্টেডিয়াম পূর্ব গেইট, সিলেট এ ১৪.১২.২০২০ তারিখের মধ্যে ডাকযোগে/সরাসরি পৌছাতে হবে।

শর্তাবলি:

১. রচনা A4 আকারের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার এক দিকে লিখতে হবে, উভয় পৃষ্ঠায় লেখা যাবে না।
২. ছাত্রছাত্রীদের রচনার ক্ষেত্রে স্টুডেন্ট আইডি কার্ড/স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক এবং অন্যান্য প্রতিযোগীর রচনা জাতীয় পরিচয় পত্রের ফটোকপি অথবা প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নসহ জমা দিতে হবে।
৩. রচনায় অবশ্যই জমাদানকারীর নাম, পিতা ও মাতার নাম, ঠিকানা এবং মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
৪. রচনার শব্দসংখ্যা নির্ধারিত সীমার অধিক হলে তা মূল্যায়নের জন্য বিবেচিত হবে না।


(দিলীপ কুমার স্মারক)

প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার
সিলেট।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়
সিলেট।

ফোন: ০৮২১-৭১৬২০১



স্মারক নং- ৩৭.০২.৯১০০.০০০.০০.০০০.২০.৬৪৫

তারিখ: ০১/১২/২০২০ খ্রি.

সংযুক্ত পত্রের প্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

প্রাপক :

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), সিলেট।



(নাজমা বেগম)

জেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত)

সিলেট।